

১৫/০২/২০২২ তারিখ রাত ৮.০০টায় অনুষ্ঠিত উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী :

উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের ৪র্থ সভা ১৫/০২/২০২২ তারিখ রাত ৮.০০টায় অন-লাইন প্লটফর্ম জুমে অনুষ্ঠিত হয়। উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের আহ্বায়ক ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় ইনোভেশন টিমের সদস্য ড. মুহাম্মদ সাহানাত হোসেন নিকিচী, অর্থনীতি বিভাগ, জ্ঞান মো. রাশেদুর রহমান, সহযোগী অধ্যাপক, ওএলএস বিভাগ, ড. মো. মিজানুর রহমান, সহযোগী অধ্যাপক, অণুজীব বিজ্ঞান বিভাগ, জ্ঞান ইমাম হোসেন রাজা, গিস্টেম এ্যাডমিনিস্ট্রেটর, আইসিটি সেল এবং মো. বদরুল আহসান, উপ পরিচালক পরিকল্পনা ও উন্নয়ন, ঢাকা বিশ্ববিদ্যালয় উপস্থিত ছিলেন। এছাড়াও আমন্ত্রণক্রমে এপিএ ফেকাল পয়েন্ট ও তেপুটি রেজিস্ট্রার জ্ঞানব রাজিব মাহমুদ সানিম পারভেজ এবং পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের সহকারী প্রোগ্রামার জ্ঞানব মো. জাহিদুল ইসলাম উপস্থিত ছিলেন।

সভার শুরুতে পূর্ববর্তী সভার ধারাবাহিকতায় সভার সভাপতি অধ্যাপক ইসতিয়াক এম সৈয়দ উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের বিভিন্ন বিষয়াদি উপস্থাপন করেন। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন সেবা উদ্ভাবনী ধারণার মাধ্যমে আরও কিভাবে অর্থ, শ্রম ও সময় সাশ্রয়ী করা যায় সে সম্পর্কে গুরুত্ব আরোপ করেন। বিশ্ববিদ্যালয়ের চলমান একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদান/প্রাপ্তি সংক্রান্ত সেবা বিষয়ে তিনি ১৪/০২/২০২২ তারিখে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের সহকারী প্রোগ্রামার জ্ঞানব মো. জাহিদুল ইসলামের সাথে ব্যক্তিগতভাবে আলাপ করেন। এই আলাপের প্রেক্ষিতে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের সহকারী প্রোগ্রামার জ্ঞানব মো. জাহিদুল ইসলাম সভায় ইতিপূর্বে আলোচনার প্রেক্ষিতে প্রস্তুতকৃত ট্রান্সক্রিপ্ট উন্নয়নের একটি ওয়েব এপ্লিকেশন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত এই ওয়েব এপ্লিকেশনের একটি ডেমোভার্সন সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত হবার পর তা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় অংশগ্রহণকারী সদস্যগণ এই ওয়েব এপ্লিকেশনটিতে আরও কিছু ফিচার সংযুক্ত করার প্রস্তাব করেন। জ্ঞানব জাহিদুল ইসলাম মো. এই ওয়েব এপ্লিকেশনটি সকলের ব্যবহারের জন্য উন্মুক্ত করার আগে নিম্নোক্ত তিনটি বিষয়ে প্রাথমিক অনুমোদনের প্রয়োজন :

(ক) payment gateway system চূড়ান্ত করা

(খ) transcript স্বাক্ষরকারীর digital signature সংগ্রহ এবং ব্যবহার

(গ) transcript automation system-কে live করা


তিনি সভাকে আরও অবহিত করেন যে, গত জুলাই ২০২১ এর পর হতে বর্তমানে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের certificate, marksheet এবং academic transcript এর আবেদনপত্র online-এ পাওয়ার বিষয়টি জ্ঞানব জাহিদুল ইসলামকে অবহিত করার পাশাপাশি আরও উল্লেখ করেন যে, এই সময়কালে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের পুরোনো ব্যবহৃত হাতে দেখা রেজাল্ট শীটের ডিজিটাল ইমেজ ফাইল তৈরী করে একটি ডিজিটাল রেজাল্ট আর্কাইভ সৃষ্টি করা হয়েছে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ফর্ম পূরণ সংক্রান্ত ওয়েবসাইট eco.du.ac.bd, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজাল্ট পোর্টাল result.du.ac.bd, সাত কলেজের ফর্ম পূরণ সংক্রান্ত ওয়েবসাইট dua7c.com, সাত কলেজের রেজাল্ট পোর্টাল 7college.du.ac.bd, ডিক্রেন্সা ও প্রকৌশল অনুষদস্বত্ব প্রতিষ্ঠানের ফর্ম পূরণ এবং রেজাল্ট পোর্টাল ducmc.com প্রস্তুত এবং ব্যবহারের জন্য উন্মুক্ত করা হয়েছে।

আলোচনার এই পর্যায়ে সভার সভাপতি অধ্যাপক ড. ইসতিয়াক এম সৈয়দ পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের যে সমস্ত উদ্ভাবনী কাজ সম্পন্ন হয়েছে সেগুলোর মধ্য থেকে বিশ্ববিদ্যালয়ের APA বিষয়ক সার্বিক অবস্থান উন্নত হয় এমন বিষয়গুলো নির্ধারণ করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সুপারিশ করা হয় :

- (১) Online কেন্দ্রিক transcript প্রদান/প্রাপ্তি সেবা নিশ্চিত করার জন্য উপস্থাপিত প্রোগ্রামটিতে আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় সংশোধনী যোগ করা
- (২) সকলের জন্য পূর্ণাঙ্গভাবে উন্মুক্ত করার আগে transcript প্রদান/প্রাপ্তি সংক্রান্ত সেবা সংক্রান্ত প্রোগ্রামটি সফিক্স পরিসরে test run করা
- (৩) transcript প্রদান/প্রাপ্তি সংক্রান্ত সেবা সংক্রান্ত বিষয়টি সম্পূর্ণভাবে online কেন্দ্রিক করার আগে payment gateway system চূড়ান্ত করে প্রাথমিক অনুমোদন গ্রহণ
- (৪) online কেন্দ্রিক transcript প্রদান/প্রাপ্তি সেবা নিশ্চিত করার আগে transcript-এ স্বাক্ষরকারীর digital signature সংগ্রহ ও ব্যবহার প্রক্রিয়ার প্রাথমিক অনুমোদন গ্রহণ
- (৫) transcript প্রদান/প্রাপ্তি সংক্রান্ত automation system-কে live করার প্রয়োজনীয় প্রাথমিক অনুমোদন গ্রহণ করা

পরিশেষে এই সিদ্ধান্তসমূহ মাননীয় প্রো-উপাচার্য এবং মাননীয় উপাচার্য মহোদয়কে আহ্বায়ক অধ্যাপক ড. ইসতিয়াক এম সৈয়দ-এর নেতৃত্বে উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিম কর্তৃক দ্রুত অবহিতকরণের আশাবাদ ব্যক্ত করে অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।



ড. ইসতিয়াক এম সৈয়দ
অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢা.বি. ও
আহ্বায়ক, উদ্ভাবনী ধারণা/ ইনোভেশন টিম